গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০২.৪৫.০০১.২৪-৮৬২ তারিখ: ১৪-০৮-২০২৪খ্রি.

সিএজি কার্যালয়ের স্মারক নং-৮২.০০.০০০০.০৪১.১৫.৪৬৮.২৪-৫৫৮, তারিখ: ০৮/০৮/২০২৪খ্রি. মাধ্যমে প্রাপ্ত এসএএস পরীক্ষা হতে অব্যাহতি প্রদানপূর্বক পদোন্নতি প্রদানের লক্ষ্যে প্রেরিত পত্রটি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য পৃষ্ঠাংকন করা হলো।

একই সাথে সিএজি কার্যালয়ের পত্রটির নির্দেশনা অনুসরণপূর্বক পদোন্নতি প্রত্যাশী কর্মচারীদের তালিকা আগামী ১৯/০৮/২০২৪খ্রি. এর মধ্যে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

১৪/০৮/২০২৪
(মোঃ ফুয়াদ মিয়া)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-২)
ফোন: ২২৬৬৬৩৭৩২

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস(সকল)।
[ডিএএফও এবং ইউএও কার্যালয়ের তালিকা একত্রে প্রেরণের অনুরোধ কর হলো]
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
[শুধুমাত্র স্ব স্ব ডিসিএ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো]
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা(সকল)।
[শুধুমাত্র স্ব স্ব ডিসিএ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো]
৬. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা(সকল, স্থানীয়)।
৭. বিভাগীয় হিসাবরক্ষক (সকল)।
৮. পিএস টু সিজিএ।
৯. পিএ টু সিজিএ/অতিঃ সিজিএ(প্রশাঃ/হিসাব)/ডিসিজিএ(প্রশাঃ/হিসাব/আইসিইউ/দঃশৃঃ)।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হইবে।

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল,ঢাকা-১০০০।
www.cag.org.bd

নং-৮২.০০.০০০০.০৪১.১৫.৪৬৮.২৪-৫৫৮ তারিখঃ ০৮-০৮-২০২৪ খ্রি.।

বিষয়ঃ এসএএস পরীক্ষা হতে অব্যাহতি প্রদানপূর্বক পদোন্নতি প্রদানের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসংগে।

সিএজি কার্যালয় এর আওতাধীন সিজিএ, সিজিডিএফ, ফিমা কার্যালয় ও অডিট অধিদপ্তরসমূহে কর্মরত কর্মচারীদের এসএএস পরীক্ষা হতে অব্যাহতি প্রদানের লক্ষ্যে এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় কর্তৃক নিম্নেবর্ণিত নীতিমালার (Criteria) আলোকে বিভাগীয় হিসাবরক্ষক এবং অডিটরদের মধ্য হতে যোগ্য প্রার্থীদের নামের তালিকা (সংযুক্ত ছক মোতাবেক) ও ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সিএজি কার্যালয়ে (জিবি-৩ শাখায়) প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২। (ক) ৪৪ বৎসরের বা তদুর্ধ্ব বয়স্ক নিয়মিত বিভাগীয় হিসাবরক্ষকদের (Divisional Accountant) মধ্যে যাদের বিগত ৩ (তিন) বৎসরের গোপনীয় প্রতিবেদন বিরূপ মন্তব্য মুক্ত এবং সংশ্লিষ্ট প্রতিবেদনে "পদোন্নতির যোগ্য" মন্তব্য রয়েছে।

(খ) ৫০ বৎসর বা তদুর্ধ্ব বয়স্ক অডিটরদের (২০০৯ সাল বা এর পূর্বে অডিটর পদে পদোন্নতি/নিয়োগ প্রাপ্ত) মধ্যে যাদের চাকুরি অডিটর হিসেবে (ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক পদের ৫০% চাকুরিসহ) ১৮ বৎসর সম্পন্ন হয়েছে এবং যাদের বিগত ০৫ (পাঁচ) বৎসরের গোপনীয় প্রতিবেদন বিরূপ মন্তব্য মুক্ত এবং সংশ্লিষ্ট প্রতিবেদনে "পদোন্নতির যোগ্য" মন্তব্য রয়েছে।

(গ) ৪৮ বৎসরের উর্ধ্বে কিন্তু ৫০ বৎসরের নিম্নের অডিটরদের মধ্যে যারা অন্তত একবার এসএএস ১ম পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন এবং যাদের চাকুরি অডিটর হিসেবে (ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক পদের ৫০% চাকুরীকাল) ১৬ বৎসর সম্পন্ন হয়েছে ও যাদের বিগত ০৫ (পাঁচ) বৎসরের গোপনীয় প্রতিবেদন বিরূপ মন্তব্য মুক্ত এবং সংশ্লিষ্ট প্রতিবেদনে "পদোন্নতির যোগ্য" মন্তব্য রয়েছে।

(ঘ) ৪৬ বৎসরের উর্ধ্বে কিন্তু ৪৮ বৎসরের নিম্নের অডিটরদের মধ্যে যারা এসএএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং যাদের চাকুরি অডিটর হিসেবে (ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক পদের ৫০% চাকুরীকাল) ১৪ বৎসর সম্পন্ন হয়েছে ও যাদের বিগত ০৩ (তিন) বৎসরের গোপনীয় প্রতিবেদন বিরূপ মন্তব্য মুক্ত এবং সংশ্লিষ্ট প্রতিবেদনে "পদোন্নতির যোগ্য" মন্তব্য রয়েছে।

(ঙ) ৪৪ বৎসরের উর্ধ্বে কিন্তু ৪৬ বৎসরের নিম্নের অডিটরদের মধ্যে যারা এসএএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ও এসএএস ২য় পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন এবং যাদের চাকুরি অডিটর হিসেবে (ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক পদের ৫০% চাকুরীকাল) ১২ বৎসর সম্পন্ন হয়েছে ও যাদের বিগত ০৩ (তিন) বৎসরের গোপনীয় প্রতিবেদন বিরূপ মন্তব্য মুক্ত এবং সংশ্লিষ্ট প্রতিবেদনে "পদোন্নতির যোগ্য" মন্তব্য রয়েছে।

৩। উপর্যুক্ত নীতিমালার ভিত্তিতে কর্মচারীদের নাম বাছাইকালে আগামী ০১-০৮-২০২৪ খ্রি. তারিখে বয়স ও চাকুরীর দৈর্ঘ্য হিসেব করতে হবে এবং সর্বশেষ ২০২৩ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদনসহ ক্যাটাগরি অনুযায়ী প্রয়োজনে বিগত কয়েক বৎসরের গোপনীয় প্রতিবেদন পর্যালোচনা করতে হবে। গোপনীয় প্রতিবেদনসমূহের সকল কলাম বিরূপ মন্তব্য মুক্ত এবং পদোন্নতির যোগ্য কিনা কলামে সরাসরি "পদোন্নতির যোগ্য" মন্তব্য থাকতে হবে। প্রতিবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নাম সম্বলিত সীল ও স্বাক্ষর এবং কোথাও কাটা-কাটি বা ভিন্ন কালির লেখা থাকলে সেখানে অনুস্বাক্ষরকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকতে হবে। তাছাড়া প্রত্যেক কর্মচারীর নাম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, পদের নামসহ চাকুরিতে প্রথম নিয়োগের তারিখ, আত্মীকৃত কর্মচারীদের ক্ষেত্রে পদবীসহ আত্মীকরণের তারিখ এবং আন্তঃবিভাগীয় বদলীকৃত কর্মচারীদের ক্ষেত্রে বদলীকৃত কর্মস্থলে পদবীসহ যোগদানের তারিখ ও অডিটর পদে নিয়োগ/পদোন্নতির তারিখ ইত্যাদি নির্ভুলভাবে তার বার্ষিক গোপনীয় প্রতিবেদনসমূহে লিপিবদ্ধ থাকতে হবে।

৪। বাছাইকৃত কর্মচারীদের নাম এতদ্‌সঙ্গে সংযুক্ত নমুনা অনুযায়ী (ছক-ক) প্রত্যেক ক্যাটাগরির পৃথক পৃথক তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণয়ন করতে হবে। তাছাড়া সংযুক্ত ছকে (ছক-খ) একটি সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকায় প্রথমে বিভাগীয় হিসাব রক্ষকদের নাম জ্যেষ্ঠতার ভিত্তিতে, তারপর অডিটরদের নাম, অডিটর পদের জ্যেষ্ঠতার ভিত্তিতে ক্রমানুসারে সাজিয়ে তালিকাভুক্ত করতে হবে।

৫। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে এসএএস পরীক্ষা পাশ হতে অব্যাহতি প্রদানের লক্ষ্যে বিবেচনার জন্য তার নিজ অফিস ও অধীন সকল অফিসের শৃংখলামূলক কেইস সংক্রান্ত প্রত্যয়ন প্রেরণ করতে হবে। নির্ধারিত ছকে সকল তথ্যাদি ইউনিকোড ফন্টে (নিকোষ) টাইপ করত জিবি-৩ শাখার ই-মেইল (gb3@cag.org.bd) এ প্রেরণ করতে হবে।

৬। ভবিষ্যতে এ অব্যাহতির ভিত্তিতে কোন কর্মচারীকে পদোন্নতি (চলতি দায়িত্ব / নিয়মিত) প্রদান করা হলে সংশ্লিষ্ট কর্মচারী তা সমর্পণ/প্রত্যাহার করবেন না মর্মে অঙ্গীকারপত্র দিতে হবে।

সংলগ্নী ঃ বর্ণনামতে।

০৮/০৮/২০২৪
(তাসলিমা সুলতানা)
অতিরিক্ত উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পার্সোনেল)
ফোনঃ ৪৮৩১০১৭১।

নং-৮২.০০.০০০০.০৪১.১৫.৪৬৮.২৪-৫৫৮

তারিখঃ ০৮-০৮-২০২৪ খ্রি.।

অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১. হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা -১০০০।
৩. উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
৪. উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এ.এন্ড.আর), সিএজি কার্যালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা-১০০০।
৬. উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ১৪শ তলা/ পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৩য় তলা, /বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ১৫শ তলা/ প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ১০ম তলা/ সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ২য় তলা/ পরিবহন অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ১৩শ তলা/ স্বাস্থ্য অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৪র্থ তলা/ রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ১২শ তলা/ ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি (পিটিএসটি) অডিট অধিদপ্তর, হিসাব ভবন, ৩য় ফেজ (৩য় তলা)/ শিক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৫ম তলা/ মিশন অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, ৯ম তলা/ কৃষি এবং পরিবেশ অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৭ম তলা/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৬ষ্ঠ তলা/ সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, ১০ম তলা/ আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, ১১ম তলা/ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৯ম তলা/ বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ৮ম তলা, সেগুনবাগিচা, ঢাকা -১০০০।
৮. অতিঃ উপ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন/পার্সোনেল/পদ্ধতি/সংসদ/পরিচালক, এমআইএস শাখা, সিএজি কার্যালয়, ঢাকা।
৯. পিএস টু সিএজি মহোদয়, সিএজি কার্যালয়, ঢাকা।
১০. নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার, (প্রশাসন শাখা (এ কার্যালয়ে কর্মরত কর্মচারীদরে তথ্য প্রেরণের অনুরোধসহ), সিএজি কার্যালয়, ঢাকা।
১১. গার্ড ফাইল/ অতিরিক্ত কপি/অফিস কপি।

০৮/৮/২৪
(মোহাম্মদ মনিরুজ্জামান)
অডিট এন্ড একাউন্টস অফিসার
জিবি-৩ শাখা
সিএজি কার্যালয়, ঢাকা।

ছক "ক"

অফিসের নাম ঃ----------------------------

ক্যাটাগরি ঃ---------------------------------

| ক্রমিক নং | কর্মচারীর নাম, পদবী শিক্ষাগত যোগ্যতা, জেলা ও অফিসের নাম | জন্ম তারিখ এবং ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখের বয়স | ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক পদে ৫০% কর্মকালসহ মোট চাকরীকাল | | | এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ/উত্তীর্ণ এবং এসএএস ২য় পর্ব পরীক্ষায় অংশ গ্রহণের বৎসর এবং রোল নম্বর | গোপনীয় প্রতিবেদনাধীন বৎসর (সর্বশেষ ৫ বছর) | গোপনীয় প্রতিবেদনের মন্তব্য | | | | আত্মীকৃত এবং আন্তঃবিভাগীয় বদলীকৃত কর্মচারীদের ক্ষেত্রে পদবীসহ যোগদানের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক হিসাবে নিয়োগের তারিখ | অডিটর হিসাবে নিয়োগের তারিখ | মোট | | | বিরূপ মন্তব্য | | পদোন্নতির সুপারিশ | | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. |
| | | | | | | | | | | | | |

| পদোন্নতির ক্ষেত্রে পদবীসহ পদোন্নতির তারিখ এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উচ্চপদে নিয়োগ প্রাপ্ত হলে পদবীসহ উচ্চপদে নিয়োগের তারিখ | মন্তব্য |
|---|---|
| ১৪. | ১৫. |
| | |

সুপারিশকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

ছক "খ"

অফিসের নাম ঃ---------------------------

সম্মিলিত জ্যেষ্ঠত্ব তালিকা ঃ ----------------------------------

| ক্রমিক নং | কর্মচারীর নাম, পদবী, শিক্ষাগত যোগ্যতা ও জেলা | জন্ম তারিখ এবং ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখে বয়স | ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক হিসাবে নিয়োগের তারিখ | ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক হিসাবে চাকরী এবং উহার ৫০% কর্মকাল | বিভাগীয় হিসাব রক্ষক/অডিটর হিসেবে নিয়োগের তারিখ | বিভাগীয় হিসাব রক্ষক/অডিটর হিসেবে ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত চাকরীকাল | ক্যাশিয়ার, সাঁটলিপিকার, সাঁটমুদ্রাক্ষরিক, জুনিয়র অডিটর, কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক হিসেবে ৫০% কর্মকালসহ ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মকাল | নীতিমালা অনুযায়ী ক্যাটাগরীর নাম (ক,খ,গ, ঘ ও ঙ) যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য। | প্রেরিত এসিআর এর সন ও বিবরণ | এসএএস/এসআরএরএস ১ম পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ/উত্তীর্ণ এবং এসএএস ২য় পর্ব পরীক্ষায় অংশ গ্রহণের বৎসর ও রোল নম্বর | আত্মীকৃত এবং আন্তঃবিভাগীয় বদলীকৃত কর্মচারীদের ক্ষেত্রে পদবীসহ যোগদানের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. |
| | | | | | | | | | | | |

| পদোন্নতির ক্ষেত্রে পদবীসহ পদোন্নতির তারিখ এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উচ্চপদে নিয়োগ প্রাপ্ত হলে পদবীসহ উচ্চপদে নিয়োগের তারিখ | মন্তব্য |
|---|---|
| ১৩. | ১৪. |
| | |

সুপারিশকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর